# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 31.03.24** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) সংশোধিত নাগরিকত্ব আইন নিয়ে তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী রাজ্যবাসীকে ফের সতর্ক করেছেন।

ধুবুলিয়ায় প্রথম প্রচার সভায় আজ বিরোধী ইন্ডি জোটকে কটাক্ষ করে তিনি বলেন, এরাজ্যে তৃণমূল কংগ্রেস একাই লড়ছে।

২) চৌঠা এপ্রিল কোচবিহারে নির্বাচনী সভা করবেন প্রধানমন্ত্রী। ওই দিনই মাল বাজারে মমতা ব্যানার্জীর সভা করার কথা।

৩) কালবৈশাখী ঝড়ের তান্ডবে জলপাইগুড়ি জেলায় গাছ চাপা পড়ে অন্তত ৪ জনের মৃত্যু হয়েছে। আহত শতাধিক। বহু ঘরবাড়ি ভেঙে পড়েছে।

৪) উত্তর দমদমে নির্মীয়মাণ বাড়ি ভেঙে মহিলার মৃত্যুর ঘটনায় ধৃত প্রমোটার সহ চারজনকে ১৪ দিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছে ব্যারাকপুর আদালত।

৫) আইএসএল ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট আজ যুব ভারতী ক্রীড়াঙ্গনে, চেন্নাইয়িন এফ সি, র মুখোমুখি হয়েছে।

oooooooooooooooooooo

সংশোধিত নাগরিকত্ব আইন সি এ এ নিয়ে ফের রাজ্যবাসীকে সতর্ক করলেন তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। নদীয়ার ধুবুলিয়ায় লোকসভা নির্বাচনে তাঁর প্রথম প্রচারসভায় মুখ্যমন্ত্রী বলেন, বিজেপি সি এ এ নিয়ে মিথ্যাচার করছে। মতুয়ারা সেই ফাঁদে পা দিলে বিপদে পড়বেন।

কৃষ্ণনগর কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী মহুয়া মৈত্রের সমর্থনে এই জনসভায়, এরাজ্যে কেন্দ্রীয় এজেন্সিগুলির তৎপরতার তীব্র সমালোচনা করেন তিনি। কৃষ্ণনগরের বিজেপি প্রার্থী অমৃতা রায়ের নাম না করে মমতা, তাঁর সঙ্গে প্রধানমন্ত্রীর টেলিফোনে কথোপকথনকে প্রকাশ্যে আনার বৈধতা নিয়ে প্রশ্ন তোলেন।

(বাইট – অমৃতা)

বিরোধী ইন্ডি জোটকে কটাক্ষ করে তৃণমূল নেত্রী বলেন, জোটের নামকরণ তিনিই করেছিলেন। কিন্তু বাংলায় কোন জোট হয়নি। এখানে তৃণমূল কংগ্রেস, একাই কংগ্রেস, বিজেপি, সিপি আই এম-এর বিরুদ্ধে লড়ছে।

(বাইট – ইন্ডিয়া)

oooooooooooooooooooooo

ধুবুলিয়ায় বিরোধী জোট নিয়ে তৃণমূল কংগ্রেস নেত্রীর মন্তব্যের কড়া সমালোচনা করেছেন, প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী। আজ মুর্শিদাবাদের কান্দিতে সাংবাদিকদের মুখোমুখি হয়েছিলেন তিনি।

(বাইট – অধীর)

এদিকে, রাজ্যে কংগ্রেস, সি পি আই এম-এর ভূমিকা নিয়ে মমতা ব্যানার্জী সমালোচনা করলেও অরবিন্দ কেজরিওয়ালের গ্রেফতারের

প্রতিবাদে দিল্লীর রামলীলা ময়দানে বিরোধী ইন্ডি জোটের সভায় তৃণমূল কংগ্রেসের প্রতিনিধি হিসেবে আজ উপস্থিত ছিলেন দলের রাজ্যসভার সদস্য ডেরেক ও' ব্রায়ান।

রাহুল গান্ধী, সীতারাম ইয়েচুরি, তেজস্বী যাদব, অখিলেশ যাদবের মতো বিরোধী নেতা-নেত্রীর সঙ্গেই এই সভায় বিজেপিকে আক্রমণ করেন তিনি।

oooooooooooooooooooooo

লোকসভা ভোট ঘোষণার পর কোচবিহারে প্রথম সভা করতে চলেছেন বিজেপি-র শীর্ষ নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। দলীয় সূত্রে জানা গেছে, আগামী বৃহস্পতিবার বিকেলে হবে এই সভা। উত্তরবঙ্গে বালুরঘাট এবং জলপাইগুড়িতেও প্রচারসভা করতে পারেন প্রধানমন্ত্রী।

এদিকে, চৌঠা এপ্রিলেই মালবাজার শহরে তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নির্বাচনী সভা করার কথা।

আজ রবিবার হওয়ায় সকাল থেকেই রাজ্যের বিভিন্ন প্রান্তে প্রার্থীরা প্রচারে নেমে পড়েন।

যাদবপুরের তৃণমূল কংগ্রেস প্রার্থী সায়নী ঘোষকে টালিগঞ্জে প্রচার করতে দেখা যায়।

মালদা দক্ষিণ কেন্দ্রের কংগ্রেস প্রার্থী ইশা খান চৌধুরী, মানিকচকের গোপালপুর, শান্তিমোড়, কালিন্দ্রী, শহীদপুর, এনায়েতপুর প্রভৃতি এলাকায় ভোটের প্রচার করেন।

বাঁকুড়া লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী ডাঃ সুভাষ সরকার, দলীয় কর্মী সমর্থকদের নিয়ে গোবিন্দনগর বাসস্ট্যাণ্ডে জনসংযোগ করেন।

এই কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী অরূপ চক্রবর্তীকে রঘুনাথপুরের সাঁতুড়ি এলাকায় আদিবাসী মহিলাদের নাচের তালে ধামসা বাজাতে দেখা যায়।

হিড়বাঁধ ব্লকের বিভিন্ন এলাকায় পায়ে হেঁটে জনসংযোগ সারেন সিপিআই(এম) প্রার্থী নীলাঞ্জন দাশগুপ্ত ।

এদিকে, শাসক দলের গোষ্ঠী দ্বন্দ্বের জেরে প্রচারে বেরিয়ে আজ বিড়ম্বনার মধ্যে পড়েন বর্ধমান – দুর্গাপুর কেন্দ্রের তৃণমূল কংগ্রেসি প্রার্থী কীর্তি আজাদ। হাতাহাতি থেকে বাঁচতে মন্দিরে আশ্রয় নেন তিনি। কে তাঁকে আগে সম্বর্ধনা দেবে, তা নিয়েই তৃণমূলের শ্রমিক সংগঠনের দুটি গোষ্ঠীর মধ্যে ঝামেলা শুরু হয়ে যায়। যদিও কীর্তি আজাদের দাবি, দ্বন্দ্ব নয়, অতি উৎসাহের কারণেই কিছুটা উত্তেজনা তৈরি হয়েছিল।

এই কেন্দ্রের বিজেপি প্রার্থী দিলীপ ঘোষ সকালে সোনা পট্টিতে চায়েপে চর্চায় অংশ নেন।

বনগাঁ-র তৃণমূল কংগ্রেস প্রার্থী বিশ্বজিৎ দাস, গোবরডাঙা শহরে, দমদম কেন্দ্রের সি পি আই এম প্রার্থী সুজন চক্রবর্তী উত্তর দমদম ও নিউ ব্যারাকপুরে এবং ওই কেন্দ্রেরই বিজেপি প্রার্থী শীলভদ্র দত্ত খড়দায় প্রচার চালিয়েছেন।

কোচবিহার শহরে সকালে ঢাক বাজিয়ে ভোটের প্রচার শুরু করেন তৃণমূল কংগ্রেস প্রার্থী জগদীশ বর্মা বসুনিয়া।

oooooooooooooooooo

কালবৈশাখীর তান্ডবে জলপাইগুড়ি জেলার বিভিন্ন এলাকা লন্ডভন্ড। গাছ চাপা পড়ে মৃত্যু হয়েছে অন্তত ৪ জনের। আহত শতাধিক । গাছ উপড়ে রাস্তা অবরুদ্ধ হয়ে পড়ে গোশালা মোড়, গজলডোবা সড়ক, বিবেকানন্দ পল্লী সহ বহু এলাকা। বেশকিছু ঘরবাড়ির টিনের চাল উড়ে গেছে। ভেঙে পড়েছে অনেক বাড়িঘর। আহতদের জলপাইগুড়ি ও ময়নাগুড়ি হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এই আকস্মিক প্রাকৃতিক বিপর্যয়ে প্রাণহানী ও ব্যাপক ক্ষয়ক্ষতিতে দুঃখ প্রকাশ করেছেন। সোশ্যাল মিডিয়া পোস্টে তিনি জানিয়েছেন, আদর্শ আচরণবিধি মেনে জেলা প্রশাসন নিহতদের পরিবার ও আহতদের ক্ষতিপূরণ দেবে। ক্ষতিগ্রস্তদের উদ্ধার ও ত্রাণে জেলা প্রশাসন সবরকম ব্যবস্থা নেবে বলে আশ্বাস দিয়েছেন তিনি।

মুখ্যমন্ত্রীর এই বার্তার সমালোচনা করে বিজেপি-র আইটি সেলের প্রধান অমিত মালব্য বলেছেন, আদর্শ আচরণবিধি কোন কারণ নয়, উত্তবঙ্গে সংকটের সময় মমতা ব্যানার্জী আবারও দায় ঝেড়ে ফেলেছেন। গার্ডেনরিচে বহুতল ভেঙে পড়ার ঘটনায় তাঁর ভূমিকার সঙ্গে জলপাইগুড়ির পরিস্থিতির তুলনা টেনেছেন শ্রী মালব্য।

তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আগামীকাল আহতদের দেখতে জলপাইগুড়ি যাবেন বলে দলীয় সূত্রে জানা গিয়েছে।

কোচবিহার জেলার মাথাভাঙ্গা ১ নং ব্লকের শিকারপুর, কুর্শামারি, এলংমারী সহ বিভিন্ন এলাকা থেকেও ঝড়ের তান্ডবের খবর পাওয়া গেছে। ক্ষতিগ্রস্ত শতাধিক বাড়ি। আহত হয়েছেন বেশ কয়েকজন।

গরমে হাঁসফাঁস কলকাতায় আজও সর্বনিম্ন তাপমাত্রা ছিল স্বাভাবিকের ৩ ডিগ্রী ওপরে, ২৬ দশমিক পাঁচ ডিগ্রী সেলসিয়াস।

ooooooooooooooooooooo

জলপাইগুড়ি সুপার স্পেশালিটি হাসপাতালে আহতদের দেখতে যান ধূপগুড়ির বিধায়ক তথা জলপাইগুড়ি লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী অধ্যাপক নির্মল চন্দ্র রায়। আহতদের দেখার পর তিনি জানান ময়নাগুড়ির বার্নিশ এলাকা লন্ডভন্ড হয়ে গেছে। নির্বাচন কমিশনকে তিনি অনুরোধ করবেন, এই সময় যাতে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়ানো যায় এবং রাজ্য সরকারকে যেন সেই অনুমতি দেওয়া হয়।

oooooooooooooooooooo

উত্তর দমদম পুরসভার শরৎ কলোনীতে নির্মীয়মান বাড়ির একাংশ ভেঙে এক মহিলার মৃত্যুর ঘটনায় ধৃত প্রোমোটার-সহ চারজনকে ১৪ দিনের পুলিশ হেফাজতে পাঠিয়ে ব্যারাকপুর আদালত। গতকাল রাত সোয়া আটটা নাগাদ নিজের বাড়ির লাগোয়া জায়গাতেই দাঁড়িয়ে মোবাইলে কথা বলছিলেন কেয়া শর্মা চৌধুরী নামে ৫০ ঊর্দ্ধ ওই মহিলা। আচমকাই পাশের নির্মীয়মাণ বাড়িটির ওপরের একটা অংশ তাঁর ওপর ভেঙে পড়ে। ঘটনাস্থলেই মৃত্যু হয় তাঁর। বাড়ির প্রমোটার সহ চারজনের বিরুদ্ধে এয়ারপোর্ট থানায় অভিযোগ দায়ের করেন কেয়ার স্বামী সুদীপ শর্মা চৌধুরী। তার ভিত্তিতে তিন প্রমোটার গৌতম দে, শৌভিক মজুমদার ও সজীব সেন এবং ঠিকাদার অজয় প্যাটেলকে গ্রেফতার করে পুলিশ। ঢিল ছোঁড়া দুরত্বে স্থানীয় কাউন্সিলারের ওয়ার্ড অফিস থাকা সত্ত্বেও কিভাবে এই ঘটনা ঘটলো, তা নিয়ে প্রশ্ন তুলেছেন, মৃতার পরিবার সহ স্থানীয় বাসিন্দারা।

এদিকে, দক্ষিণ কলকাতায় মেয়রের নিজের এলাকা, চেতলার পরমহংসদেব রোডে পুরনো ৩ তলা একটি বাড়ির ওপরের সানশেডের একাংশ আজ ভোরে ভেঙে পড়ে। কেউ হতাহত না হলেও সামনে দাঁড় করানো একটি গাড়ি ক্ষতিগ্রস্ত হয়।

oooooooooooooooooooo

বৃহত্তর কলকাতায় বহুতল বাড়িগুলি মরণ ফাঁদে পরিণত হয়েছে বলে বিজেপি অভিযোগ করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ সাংবাদিকদের কাছে অভিযোগ করেন, কলকাতায় বিভিন্ন ওয়ার্ডে

কাউন্সিলররা স্কোয়্যার ফুট অনুযায়ী টাকা নিয়ে অবৈধ নির্মাণের অনুমতি দেন। এর ফলে বহুতলগুলি মরণ ফাঁদে পরিণত হয়েছে। বিরাটিতে নির্মীয়মান বাড়ির ইট পড়ে মহিলার মৃত্যুর ঘটনা প্রসঙ্গে রাজ্য সভাপতি জানান, ওই বাড়ির প্রোমোটার শাসক ঘনিষ্ঠ এবং তাকে বাড়ি তৈরির উপকরণ যারা সরবরাহ করে তারাও শাসক দলের সিন্ডিকেটের সঙ্গে যুক্ত।

অন্যদিকে চেতলায় মেয়রের এলাকায় বাড়ির একাংশ ভেঙে পড়ার ঘটনা প্রসঙ্গে এক প্রশ্নের উত্তরে রাজ্য সভাপতি বলেন, পুরসভার শহরের সব পুরনো বাড়িগুলির সমীক্ষা করা এবং প্রয়োজনে বাড়ির বাসিন্দাদের ক্ষতিপূরণ দিয়ে অন্যত্র স্থানান্তরিত করা উচিত।

oooooooooooooooooo

আইএসএল ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট আজ যুব ভারতী ক্রীড়াঙ্গনে, চেন্নাইয়িন এফ সি, র মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে কোন পক্ষ গোল করতে পারেনি।

মোহনবাগান ১৮ ম্যাচে ৩৯ পয়েন্ট নিয়ে লিগ তালিকার দ্বিতীয় স্থানে আছে। চেন্নাইয়িন এফ সি ১৮ ম্যাচে ১৮ পয়েন্ট পেয়ে ১২ দলের আইএসএলে একাদশ স্থানে রয়েছে।

oooooooooooooooooooooo

ooooooooooooooooooooo

oooooooooooooooooooo